COVID-19 VACCINE
Public Health Advice

# COVID-19 টিকা

## আপনার ফাইজার, VidPrevtyn Beta বা নোভাভ্যাক্স টিকা সম্বন্ধে তথ্য

সংস্করণ 8
12 সেপ্টেম্বর 2023

Rialtas na hÉireann
Government of Ireland

## এই বুকলেট সম্বন্ধে

এই বুকলেটটিতে আপনি COVID-19 টিকা সম্বন্ধে সাধারণ তথ্য পাবেন।. 5-11 ও 12-15 বছর বয়সী বাচ্চাদের জন্য ফাইজার টিকার আলাদা তথ্যের বুকলেট **www.hse.ie**-তে পাওয়া যায়

আপনি টিকা নেওয়ার আগে এই টিকা সম্বন্ধে পড়ার জন্য অনলাইনে এটি উপলব্ধ আছে এবং টিকা নেওয়ার সময় আপনাকে এই বুকলেটটি দেওয়া হবে।.

এতে নিচের তথ্যগুলি রয়েছে:

- টিকা, বুস্টার ও অতিরিক্ত ডোজ
- অভিযোজিত টিকাগুলি
- টিকার অনুমোদন, নিরাপত্তা ও পর্যবেক্ষণ
- গর্ভাবস্থা, ও স্তন্য পান করানো
- বয়স অনুসারে টিকার সুপারিশ
- আপনার COVID-19 টিকার পর কি প্রত্যাশাকরা হয়
- 3টির মধ্যে প্রত্যেকটি টিকা – পার্শ্ব প্রতিক্রিয়াগুলি এবং কোন সময় একটি নির্দিষ্ট টিকা গ্রহণ করা উচিৎ নয়

  **COVID-19 টিকা ফাইজার – এছাড়া কমির্নাটিও নামেও পরিচিত**

  - » ফাইজার টিকার সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়াগুলি
  - » কখন আপনার ফাইজার টিকা নেওয়া উচিত নয়

  **COVID-19 টিকা VidPrevtyn Beta**

  - » VidPrevtyn Beta টিকার সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়াগুলি
  - » আপনার কখন VidPrevtyn Beta টিকা নেওয়া উচিত নয়

  **COVID-19 টিকা নোভাভ্যাক্স - এছাড়া নুভাক্সোভিডও বলা হয়**

  - » নোভাভ্যাক্স টিকার সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়াগুলি
  - » কখন নোভাভ্যাক্স টিকা নেওয়া উচিত নয়

- টিকা কাজ করার জন্য যে সময়ের প্রয়োজন
- পার্শ্ব প্রতিক্রিয়াগুলি রিপোর্ট করা
- কোথায় আরও তথ্য পাবেন
- আপনার ব্যক্তিগত তথ্য

এই বুকলেটটি পড়ার পরে আপনাকে যিনি টিকা দেবেন তিনি আপনার যে কোনো প্রশ্নের উত্তর দিতে পারেন।.

অনুগ্রহ করে এই বুকলেটটি রাখুন, কারন আপনাকে পরেও এটি দেখতে হতে পারে।.

আপনি যদি এই বুকলেটটিকে অন্য ফরম্যাটে চান, যেমন ইংলিশ ইজি রিড, ইংলিশ ব্রেইল, আইরিশ সাংকেতিক ভাষা বা আপনি এর অনুবাদের সংস্করণ চাইলে, -**www.hse.ie/covid19vaccinematerials**তে যান

## আপনার COVID-19 টিকা সম্বন্ধে

COVID-19 টিকা আপনাকে COVID-19 থেকে সুরক্ষিত রাখার সেরা উপায়। টিকা বাজারে আসার পর থেকে , আমরা আয়ারল্যান্ডে কিছু মানুষকে গুরুতরভাবে অসুস্থ হতে দেখেছি এবং কিছু মানুষকে ভাইরাসের জন্য মারা যেতে দেখেছি।.

COVID-19 টিকা নিলে আপনার COVID-19 হওয়ার ঝুঁকি কমবে এবং আপনাকে মারাত্মক জটিলতা থেকে সুরক্ষিত রাখবে।. HSE আয়ারল্যান্ডের লোকজনকে টিকা দিয়ে তাদের সুরক্ষিত রাখছে এবং যারা গুরুতরভাবে অসুস্থ ধারাবাহিকভাবে তাদের মৃত্যুর সংখ্যা কমাচ্ছে।.

এই বুকলেটটিতে 16 বছর বা তার বেশি বয়সী লোকেদের জন্য আয়ারল্যান্ডের COVID-19 টিকা দেওয়ার কর্মসূচিতে 3টি প্রধান টিকা সম্পর্কে তথ্য রয়েছে: **ফাইজার**, **VidPrevtyn Beta** ও **নোভাভ্যাক্স**।.

আয়ারল্যান্ডে, COVID-19 টিকা Astrazeneca, যাকে ভ্যাক্সজেভ্রিয়া, জ্যানসেন (জেকোভডেন®ও বলা হয়) এবং স্পাইকভ্যাক্স (যাকে মডার্ণাও বলা হয়), আর ব্যবহার করা হয় না, তবে আপনি এগুলো সম্বন্ধে **www.hse.ie**-তে তথ্য খুঁজে পাবেন

## টিকা, বুস্টার ও অতিরিক্ত ডোজ

আমরা এই বুকলেটে টিকা (গুলোর) উল্লেখ করার সময়, আমরা বলতে চাই:

- একটি প্রাইমারি কোর্স (প্রথম বা দ্বিতীয় ডোজ)
- একটি অতিরিক্ত ডোজ – রোগ প্রতিরোধ ক্ষমতা কম থাকা লোকেদের দেওয়া হয় এবং/বা
- বুস্টার ডোজ

### প্রাইমারি কোর্স

প্রাইমারি কোর্স 12 বছর বা তার চেয়ে বেশি বয়সীদের দেওয়ার সুপারিশ করা হয়।.

প্রাইমারি কোর্স হল:

- প্রথম এবং দ্বিতীয় ডোজ, 4 সপ্তাহের ব্যবধানে 30 বছর বা তার বেশি বয়সীদের জন্য এবং 12-29 বছর বয়সীদের জন্য যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা কম
- প্রথম এবং দ্বিতীয় ডোজ, 12-29 বছর বয়সীদের জন্য 8 সপ্তাহের ব্যবধানে।. 12-15 বছরের শিশুদের জন্য আলাদা তথ্যের বুকলেট আছে।

## অতিরিক্ত ডোজ

রোগ প্রতিরোধ ক্ষমতা কম থাকা লোকেদের অতিরিক্ত ডোজ দেওয়া হয়।.

## বুস্টার ডোজ

আপনি আগে নেওয়া টিকা থেকে যে সুরক্ষা লাভ করেছিলেন বা COVID-19 সংক্রমণ থেকে যে সুরক্ষা পেয়েছিলন, তা সময়ের সাথে কমে যেতে পারে।. বুস্টার COVID-19 থেকে আপনার সুরক্ষা বাড়ায়।.

আপনি অন্যদেরকেও সুরক্ষিত করার জন্য নিজের বুস্টার নেওয়ার বিষয়ে বিবেচনা করতে পারেন – উদাহরণ, আপনি যদি একজন তত্ত্বাবধায়ক হন বা আপনি COVID-19-এর বেশি ঝুঁকি থাকা কারো সাথে থাকেন, যেমন রোগ প্রতিরোধ ক্ষমতা কম আছে এমন কেউ।.

18 বছর বয়সী প্রাপ্তবয়স্ক ও তার চেয়ে বেশী বয়সীদের জন্য অন্তত একটি বুস্টার ডোজ দেওয়ার সুপারিশ করা হয়।. এর পরে, কিছু লোকের জন্য শরৎকালীন বুস্টারের সুপারিশ করা হয়।.

শরৎকালীন বুস্টার দেওয়া হবে যদি আপনি হন:

- 50 এবং তার চেয়ে বেশী বয়সী হন
- 5 বা তার চেয়ে বেশী বয়সী, যার রোগ প্রতিরোধ ক্ষমতা কম থাকে
- 5 থেকে 49 বছর বয়সী যাদের এমন একটি অবস্থা থাকে যাতে আপনার COVID-19 থেকে গুরুতর অসুস্থতার বেশি ঝুঁকি থাকে
- একজন স্বাস্থ্যকর্মী

আপনি কবে পরবর্তী COVID-19 টিকা নেবেন সেই বিষয়ে আরও তথ্যের জন্য **www.hse.ie** -এ যান বা HSELive-এ **1800 700 700** নম্বরে আমাদের টিমকে কল করুন।.

18-49 বছর বয়সী ব্যক্তিরা যারা তাদের টিকা (প্রাথমিক কোর্স এবং প্রথম বুস্টার) নিয়ে নিয়েছেন, তারা একজন স্বাস্থ্যসেবা পেশাদারের সাথে আলোচনা করার পরে শরৎকালীন বুস্টার নিতে পারেন।.

আপনি ফ্লু টিকা নিয়ে থাকলে, একই সময়ে COVID-19 টিকা নিতে পারবেন।.

## অভিযোজিত টিকাগুলি

কমির্নাটি টিকা, যেটা আপনাকে দেওয়া হবে, সেটা একটি অভিযোজিত টিকা।. অভিযোজিত টিকা COVID-19-এর বিভিন্ন স্ট্রেনের হাত থেকে সুরক্ষা প্রদানের জন্য mRNA থাকে। আসল টিকার তুলনায়, এগুলি COVID-19-এর ভ্যারিয়েন্টের বিরুদ্ধে ব্যাপক সুরক্ষা প্রদান করবে বলে আশা করা হচ্ছে।.

ন্যাশনাল ইমিউনাইজেশন অ্যাডভাইজরি কমিটি থেকে অভিযোজিত টিকার সুপারিশ দেওয়া হয়েছে এবং এই টিকা ইউরোপিয়ান মেডিসিন এজেন্সি কর্তৃক অনুমোদিত।.

VidPrevtyn Beta COVID-19 এর বিটা ভেরিয়েন্টের উপর ভিত্তি করে তৈরি। এটি শুধুমাত্র 18 বছর বা তার বেশি বয়সী এমন প্রাপ্তবয়স্কদের মধ্যে বুস্টার হিসাবে COVID-19 থেকে রক্ষা করতে ব্যবহার করা যেতে পারে, যারা ইতিমধ্যে mRNA COVID-19 টিকা বা অ্যাডেনোভাইরাল ভেক্টর COVID-19 টিকা (যেমন ভ্যাক্সজেভ্রিয়া বা জেকোভডেন) নিয়েছেন।.

**গুরুত্বপূর্ণ:**

ইউরোপীয় মেডিসিন এজেন্সি (EMA) এবং ন্যাশনাল ইমিউনাইজেশন অ্যাডভাইজরি কমিটি (NIAC) এর পরামর্শ মাঝে বদলাতে পারে।. এরকম হলে, আয়ারল্যান্ডে আমরা NIAC গাইডলাইন অনুসরণ করি।.

## টিকার অনুমোদন, নিরাপত্তা ও পর্যবেক্ষণ

HSE শুধুমাত্র ইউরোপীয় মেডিসিন এজেন্সি (EMA) তাদের লাইসেন্স দেওয়ার পরে টিকা ব্যবহার করে, যখন সেটি নিরাপত্তা এবং কার্যকারিতার প্রয়োজনীয় মান পূরণ করে।.

অন্যান্য সমস্ত লাইসেন্সপ্রাপ্ত টিকার মতোই COVID-19 টিকাও একই ক্লিনিকাল ট্রায়াল এবং নিরাপত্তাগত পরীক্ষা অতিক্রম করেছে, তবে টিকাটি নতুন এবং এর দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়ার তথ্য এখনও বেশি উপলব্ধ নেই।.

আমাদের কাছে দ্বিতীয় এবং পরবর্তী COVID-19 বুস্টারের সুরক্ষা সম্পর্কে আমাদের কাছে কম তথ্য রয়েছে।. তবে অনেক দেশ তাদের দেশের বহু নাগরিককে COVID-19 টিকার একাধিক ডোজ দিয়েছে।. গবেষণায় দেখা গেছে যে যারা একাধিক বুস্টার নিয়েছেন তাদের জন্য এখন পর্যন্ত কোনো অপ্রত্যাশিত নিরাপত্তা উদ্বেগ নেই।.

আশা করা হচ্ছে, আগের টিকার মতোই অভিযোজিত টিকাও নিরাপদ হবে।. টিকার নিরাপত্তা EMA পর্যবেক্ষণ করা জারি রাখবে। সমস্ত mRNA অভিযোজিত টিকা ট্রোমেটামল থাকে যার মানে আপনার যদি ট্রোমেটামলের প্রতি অ্যানাফিল্যাক্সিস (গুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়া) হয়ে থাকে তবে আপনার এটি থাকতে পারে না।.

টিকা নেওয়া আপনার নিজস্ব বিবেচনা।. HSE, ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন (WHO) এবং ডিপার্টমেন্ট অফ হেলথ দৃঢ়ভাবে সুপারিশ করে যে আপনাকে টিকা অফার করার সময় আপনি টিকা নিন।.

হেলথ প্রোডাক্টস রেগুলেটরি অথরিটি (HPRA) এবং ইউরোপীয় মেডিসিন এজেন্সি (EMA) নিরাপত্তা এবং কার্যকারিতার জন্য COVID-19 টিকা পর্যবেক্ষণ করে।. আমরা 19নং পেজে আপনাকে HPRA সম্পর্কে আরও তথ্য দেব।.

আয়ারল্যান্ডে, ন্যাশনাল ইমিউনাইজেশন অ্যাডভাইজরি কমিটি (এনআইএসি) স্বাস্থ্য বিভাগকে টিকা নীতির বিষয়ে পরামর্শ দেয় এবং HSE বিভাগের নীতি বাস্তবায়িত করে।.

## গর্ভাবস্থা, ও স্তন্য পান করানো

আপনার COVID-19 টিকা নেওয়া উচিত যদি আপনি:

- গর্ভবতী হন
- সন্তান ধারনের চেষ্টা করছেন বা গর্ভবতী হয়ে পড়েছেন
- স্তন্য দুগ্ধ পান করান

বেশিরভাগ গর্ভবতী ব্যক্তি যারা ভাইরাসে আক্রান্ত হন, এমনকি তাদের COVID-19 টিকা না নেওয়া থাকলেও, তাদের হালকা থেকে মাঝারি উপসর্গ হয়।. তারা পরিকল্পনা করে বাচ্চার জন্ম দেন এবং তাদের শিশুর COVID-19 সংক্রমণের ঝুঁকি কম থাকে।.

যাইহোক, আপনি যদি গর্ভবতী হন তবে যদি আপনার গুরুতর অসুস্থ হওয়ার সম্ভাবনা বেশি থাকে তাহলে আপনার ইনটেনসিভ কেয়ারে চিকিৎসার প্রয়োজন।. ভাইরাস আপনার শিশুর জন্য জটিলতাও সৃষ্টি করতে পারে।.

1 বছরের কম বয়সী শিশুদের COVID-19 থেকে হাসপাতালে ভর্তি হওয়ার এবং গুরুতর অসুস্থতার ঝুঁকি থাকে। অল্পবয়সী বাচ্চাদের যাদের মায়েরা গর্ভাবস্থায় টিকা নিয়েছে, তাদের COVID-19-এর জন্য হাসপাতালে যাওয়ার সম্ভাবনা কম থাকে।.

এমন কোন প্রমাণ নেই যে COVID-19 টিকা পুরুষ বা মহিলাদের প্রজনন ক্ষমতাকে প্রভাবিত করে।. COVID-19 টিকা নেওয়ার পরে আপনাকে গর্ভবতী হওয়ার জন্য অপেক্ষা করতে হবে না।.

গর্ভাবস্থায় আপনাকে দেওয়া অন্যান্য টিকার মতো একই সময়ে আপনার COVID-19 টিকা নেওয়া নিরাপদ।.

আপনি গর্ভবতী হলে আপনাকে সম্ভাব্যরূপে **ফাইজার** টিকা নিতে বলা হবে।. এটি mRNA টাইপের টিকা – এমন একটি টিকা যা আপনার শরীরকে বলে যে কীভাবে অ্যান্টিবডি তৈরি করতে হয় যা COVID-19 ভাইরাসের বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করে।.

যাইহোক, যদি আপনার ডাক্তার পরামর্শ দেন যে আপনি mRNA টিকা নিতে পারবেন না বা আপনি mRNA টিকা নিতে চান না, তাহলে আপনার জন্য ঝুঁকি এবং সুবিধা সম্পর্কে একজন স্বাস্থ্যসেবা পেশাদারের (যেমন ডাক্তার, মিডওয়াইফ, ভ্যাক্সিনেটর) সাথে এটি নিয়েআলোচনার পরে **নোভাভ্যাক্স** টিকাটি নেওয়ার বিষয়ে বিবেচনা করা যেতে পারে।.

উপরন্তু, যেহেতু সীমিত ক্লিনিক্যাল ডেটা উপলব্ধ রয়েছে, তাই NIAC গর্ভাবস্থায় **VidPrevtyn Beta** র নিয়মিত ব্যবহারের সুপারিশ করে না।. যখন সম্ভাব্য ঝুঁকির তুলনায় সম্ভাব্য সুবিধা বেশি পাওয়া যায় তখন শুধুমাত্র একজন প্রাসঙ্গিক বিশেষজ্ঞের সাথে পরামর্শ করে ব্যক্তি বিশেষে বিশেষ কেসের ক্ষেত্রে গর্ভাবস্থায় **VidPrevtyn Beta** নেওয়ার বিষয়ে বিবেচনা করা উচিত।.

আমাদের কাছে গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে **নোভাভ্যাক্স** ও **VidPrevtyn Beta** টিকা সম্বন্ধে কম তথ্য আছে।. আপনি **www.hse.ie**-তে আরও তথ্য খুঁজে পাবেন।

অভিযোজিত COVID-19 টিকা গর্ভাবস্থায় বুস্টার হিসেবে দেওয়া যেতে পারে।.

যদি আপনার প্রাথমিক কোর্স না নেওয়া হয়ে থাকে, তাহলে গর্ভাবস্থার যেকোনো পর্যায়ে 2টি ডোজ দেওয়া যেতে পারে।.

**আপনি গর্ভবতী হলে এবং কখনও COVID-19 বুস্টার না নিয়ে থাকলে:**

- আপনার শেষ COVID-19 টিকা ডোজ বা নিশ্চিত COVID-19 সংক্রমণের অন্তত 4 মাস পর আপনাকে প্রথম বুস্টার টিকার সুপারিশ করা হয়।.
- আপনি গর্ভাবস্থার যে কোনো সময়ে প্রথম বুস্টার নিতে পারেন।.

**আপনি গর্ভবতী হওয়ার আগে প্রথম বুস্টার নিয়ে থাকলে:**

- আপনার COVID-19 টিকা বা সংক্রমণের পর 6 মাসের বেশি হলে আপনার আরেকটি বুস্টার নেওয়া উচিত।.
- এই বুস্টারটি গর্ভাবস্থার যেকোনো পর্যায়ে দেওয়া যেতে পারে তবে 20-34 সপ্তাহের মধ্যে সুপারিশ করা হয়।. আপনার আগের COVID-19 টিকা বা সংক্রমণের পরে 12 মাসের বেশি সময় হয়ে গেলে আপনি এটি আগে নিতে পারেন।.

আপনার কোন প্রশ্ন থাকলে আপনি একজন বিশ্বস্ত স্বাস্থ্যসেবা পেশাদারের সাথে কথা বলতে পারেন।.

গর্ভাবস্থায়, আপনার শুধুমাত্র 1টি COVID-19 বুস্টার প্রয়োজন।. যাইহোক, যদি আপনি গর্ভবতী হন এবং আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা কম থাকে তবে আপনি আপনার শেষ COVID-19 টিকা বা সংক্রমণের অন্তত 6 মাস পরে, গর্ভাবস্থার যেকোনো পর্যায়ে আপনার দ্বিতীয় বুস্টার নিতে পারেন।.

## বয়স অনুসারে টিকার সুপারিশ

সমস্ত COVID-19 টিকা আপনাকে COVID-19 থেকে হওয়া গুরুতর অসুস্থতা থেকে ভাল সুরক্ষা দেয়, যখন আপনার নিম্নলিখিতগুলি নেওয়া থাকে:

- আপনার প্রথম রাউন্ডের টিকা

  এবং
- আপনার জন্য প্রস্তাবিত কোনো অতিরিক্ত এবং/অথবা বুস্টার ডোজ।

ন্যাশনাল ইমিউনাইজেশন অ্যাডভাইজরি কমিটি (NIAC) পরামর্শ দেয় যে আপনি যেকোনও COVID-19 mRNA টিকা (**ফাইজার** ) একটি বুস্টার ডোজ হিসাবে নিতে পারেন, এর মধ্যে অভিযোজিত টিকাগুলি রয়েছে, এমনকি যদি আপনার আগে একটি ভিন্ন টিকা নেওয়া হয়ে থাকে তবুও।

**বয়সের গ্রুপ অনুযায়ী পরামর্শ:**

যদি আপনি:

- 5 বছর বা তার বেশি বয়সী হন, আপনাকে COVID-19 এর জন্য **ফাইজার** টিকা দেওয়া হবে।

আপনি mRNA টিকা না নিলে, আপনাকে **নোভাভ্যাক্স** টিকা, বা বিভিন্ন সময়ে **VidPrevtyn Beta**টিকা নিতে বলা হতে পারে।. 12 বছর বা তার বেশী বয়সী লোকেদের ব্যবহারের জন্য **নোভাভ্যাক্স** অনুমোদিত। **VidPrevtyn Beta**যাদের বয়স 18 বা তার বেশি তাদের জন্য একটি বুস্টার টিকা হিসেবে ব্যবহারের জন্য অনুমোদিত।

**www.hse.ie-এse.ie**-এ শিশুদের টিকা নেওয়া সম্বন্ধে আলাদা পরামর্শ দেওয়া আছে

## আপনার COVID-19 টিকার পর কি প্রত্যাশাকরা হয়

সমস্ত ওষুধের মতো, টিকা নেওয়ার ফলে **পার্শ্ব প্রতিক্রিয়া** হতে পারে।. এর মধ্যে বেশিরভাগ পার্শ্বপ্রতিক্রিয়াই হালকা থেকে মাঝারি মানের, সাময়িক এবং সবার হয় না।.

গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়া, যেমন একটি গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া, অত্যন্ত বিরল। আপনার টিকা প্রদানকারীকে গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়াগুলির চিকিৎসা করার জন্য প্রশিক্ষণ দেওয়া হয়.

প্রতিটি টিকার পার্শ্ব প্রতিক্রিয়া ভিন্ন হতে পারে এবং আপনি যে টিকাটি নেন তার জন্য আপনার এই বুকলেট এবং প্রস্তুতকারকের রোগীর তথ্য লিফলেট পড়া উচিত। প্রস্তুতকারকের লিফলেট **www.hse.ie**-তে উপলব্ধ আছে অথবা আপনি যেদিন আপনার টিকা নেবেন আমরা আপনার জন্য একটি কপি প্রিন্ট করতে পারি।.

পরবর্তী বিভাগে, আমরা আপনাকে এই বুকলেটটিতে বিস্তারিত 3টি COVID-19 টিকার পরিচিত পার্শ্ব প্রতিক্রিয়াগুলি সম্পর্কে বলব এবং সেগুলি কতটা সাধারণ বা বিরল তা আপনাকে বলবা।. প্রতিটি টিকা কাদের নেওয়া উচিত নয় তাও আমরা হাইলাইট করি।. আপনি আরও তথ্য **www.hse.ie** -তে খুঁজে পাবেন

আরও তথ্য সব সময় উপলব্ধ থাকে।. নতুন অধ্যয়নগুলি প্রকাশিত হওয়ার সাথে **www.hse.ie** -এ থাকা তথ্য খুব ঘনঘন আপডেট করা হয়।.

# 3 টি টিকা - তাদের পার্শ্ব প্রতিক্রিয়া এবং কখন কোন নির্দিষ্ট টিকা নেওয়া উচিত নয়

পরবর্তী পাতাগুলিতে, আমরা আপনাকে সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে এবং কখন একটি নির্দিষ্ট টিকা নেওয়া উচিত নয় সে সম্পর্কে বলব।. খুব সাধারণ থেকে শুরু করে অত্যন্ত বিরল হিসেবে বিবেচনা করে আমরা পার্শ্ব প্রতিক্রিয়াগুলোকে শ্রেণীবদ্ধ করি ।.

- খুব সাধারণ (10 জনের মধ্যে 1 জনের বেশি)
- সাধারণ (10 জনের মধ্যে 1 জন পর্যন্ত)
- সাধারণ নয় (100 জনের মধ্যে 1 জন পর্যন্ত)
- বিরল (1,000 জনের মধ্যে 1 জন পর্যন্ত)
- খুব বিরল (10,000 জনের মধ্যে 1 জন পর্যন্ত)
- অত্যন্ত বিরল।. এখনও জানা যায়নি যে, যতজন এই টিকা নেবেন তার মধ্যে কতজন ব্যক্তি এই পার্শ্ব প্রতিক্রিয়াগুলি অনুভব করবেন, তবে সেগুলি অত্যন্ত বিরল বলে মনে করা হয়.

যদিও বিভিন্ন টিকার একই ধরনের পার্শ্ব প্রতিক্রিয়া থাকবে, তবে আপনি যে টিকাটি নেন তার জন্য তালিকাভুক্ত পার্শ্ব প্রতিক্রিয়ার দিকে আপনার মনোযোগ দেওয়া উচিত।. আপনাকে যিনি টিকা দেবেন তিনি এই বুকলেটের পেজে এবং রেকর্ড কার্ডে টিকার নাম ও রঙ লিখে দেবেন।. আপনার টিকা নেওয়ার কয়েক ঘন্টা এবং কয়েক দিনের মধ্যে আপনার পার্শ্ব প্রতিক্রিয়ার দিকে নজর দেওয়া উচিত।.

# COVID-19 টিকা ফাইজার – *কমির্নাটি নামেও পরিচিত*

সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া এবং কত ঘনঘন সেগুলি ঘটতে পারে এবং কখন এই টিকা নেবেন না,তা নীচে তালিকাভুক্ত করা হয়েছে।. কোন সন্দেহ থাকলে, সর্বদা একজন বিশ্বস্ত স্বাস্থ্যসেবা পেশাদারকে জিজ্ঞাসা করুন।.

| **সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া:** | |
|---|---|
| **খুব সাধারণ**<br>10 জনের মধ্যে 1 জনের বেশি | • ক্লান্ত বোধ করা<br>• বাহুতে ভাইরাসের ইনজেকশন নেওয়ার স্থানে কোমলতা বা ফোলাভাব<br>• মাথা ব্যথা<br>• পেশী ব্যথা<br>• গাঁটে ব্যথা<br>• ডায়েরিয়া<br>• জ্বর (38 ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি শরীরের তাপমাত্রা) বা ঠাণ্ডা লাগা |
| **সাধারণ**<br>10 জনের মধ্যে 1 জন পর্যন্ত | • গা গোলানো<br>• বমি<br>• টিকা দেওয়ার জায়গায় লালচেভাব<br>• লসিকা গ্রন্থিতে ফোলাভাব. একটি বুস্টার ডোজ নেওয়ার পরে এটি খুব সাধারণ বিষয়।. |
| **সাধারণ নয়**<br>100 জনের মধ্যে 1 জন পর্যন্ত | • মাথা ঘোরা<br>• টিকা নেওয়ার স্থানে চুলকানি<br>• চুলকানিভাব<br>• ফুসকুড়ি<br>• অনিদ্রা<br>• অত্যধিক ঘাম<br>• রাতে ঘাম দেওয়া<br>• খিদে কমে যাওয়া<br>• শক্তির অভাব, আলস্য বা অসুস্থ বোধ করা<br>• বাহুতে টিকার ইনজেকশন নেওয়ার স্থানে ব্যথা |
| **বিরল**<br>1,000 জনের মধ্যে 1 জন পর্যন্ত | • মুখের একপাশ সাময়িকভাবে ঝুলে যাওয়া<br>• অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া যেমন আমবাত বা মুখ ফুলে যাওয়া |
| **খুব দুর্লভ**<br>10,000 জনের মধ্যে 1 জন পর্যন্ত | • মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস. মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস - মানে হৃৎপিণ্ডের পেশী বা হৃৎপিণ্ডের পেশীর আস্তরণের প্রদাহ।. লক্ষণের জন্য পরবর্তী পেজটি দেখুন।. |

| | |
|---|---|
| **অত্যন্ত বিরল** ফ্রিকোয়েন্সি এখনও জানা যায়নি | • একটি গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া।<br>• এরিথেমা মাল্টিফর্ম (Erythema Multiforme), এক প্রকারের ত্বকের প্রতিক্রিয়া যেটায় ত্বকে লালচে দাগ বা প্যাচ সৃষ্টি হয়, যেটাকে টার্গেট বা "বুলস-আই" এর মতো লাগতে পারে এবং এর কেন্দ্রে গাঢ় লাল অংশের চারপাশে বৃত্তাকারে ফ্যাকাসে লাল হয়ে থাকে।<br>• আপনার ফেসিয়াল ফিলার করা থাকলে, মুখ ফুলে যাওয়া<br>• হাতে (বা পায়ে) টিকা দেওয়ার স্থানে ব্যাপক ফোলাভাব<br>• ঝিনঝিন বা কাঁটা ফোটার মতো লাগা অথবা শরীরের কিছু জায়গায় অসাড় হয়ে যাওয়া<br>• অত্যধিক ঋতুস্রাব |

### মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিসের লক্ষণগুলি

মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস হল হৃদপিণ্ডের প্রদাহজনক অবস্থা।. যদিও এই অবস্থার ঝুঁকি খুব কম, আপনার জন্য লক্ষণগুলি জানা উচিত।. এই বিরল পার্শ্বপ্রতিক্রিয়াগুলি 30 বছরের কম বয়সী পুরুষদের মধ্যে, প্রধান টিকার দ্বিতীয় ডোজ নেওয়ার পরে বেশি দেখা যায়।. প্রথম বুস্টারের পরে এই পার্শ্ব প্রতিক্রিয়াগুলির ঝুঁকি কম বলে মনে হয়।.

টিকা নেওয়ার পরে আপনার মধ্যে এই নিম্নলিখিত লক্ষণগুলির মধ্যে কোনোটি দেখতে পেলে চিকিৎসার সহায়তা নিন:

- শ্বাসকষ্ট
- বুক ধড়ফড় করা (তীব্র হৃদস্পন্দন, যেটা অনিয়মিতও হতে পারে)
- বুকে ব্যথা

### আপনার COVID-19 টিকা ফাইজার (কমির্নাটি) নেওয়া উচিত নয়, যদি :

- আপনার টিকার যেকোনো উপাদানের (পলিথিন গ্লাইকোল বা পিইজি সহ) প্রতি তীব্র অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া থাকে।. উপাদানের তালিকা দেখার জন্য টিকা প্রস্তুতকারকের সরবরাহ করা রোগীর তথ্য লিফলেট পড়ুন.
- আপনার **ফাইজার** টিকা বা **মর্ডানা** (স্পাইকভ্যাক্স) COVID-19 টিকার আগের ডোজে খুব মারাত্মক অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া হয়েছিল।.
- ট্রোমেটামল (Trometamol) (MRI রেডিওলজিক্যাল অধ্যয়নগুলিতে ব্যবহৃত কনট্রাস্ট ডাই-এর উপাদানের মধ্যে একটি)-এর প্রতি আপনার গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া রয়েছে।.
- আপনাকে ডাক্তার বলেছেন যে আপনি **মডার্না** (স্পাইকভ্যাক্স) COVID-19 টিকা বা **ফাইজার** COVID-19 টিকা নিতে পারবেন না চিকিৎসাগত কারণে।.

**এই COVID-19 টিকা নেওয়ার আগে আপনার ডাক্তারের সাথে কথা বলুন যদি আপনার:**

- অতীতে কোনো প্রকারের টিকা বা ওষুধের প্রয়োগে গুরুতর অ্যালার্জি (অ্যানাফাইল্যাক্সিস) হওয়ার ঘটনা ঘটে থাকে।
- COVID-19 টিকার পূর্ববর্তী ডোজ নেওয়ার পর মায়োকার্ডাইটিস বা পেরিকার্ডাইটিস (হৃদপিন্ডের পেশীতে অথবা হৃদপিন্ডের পর্দায় প্রদাহ)হয়ে থাকলে

যদি শিশুদের পূর্বে মাল্টিসিস্টেম ইনফ্ল্যামেটরি সিনড্রোম (MIS-C) থাকে তবে সে সুস্থ হয়ে গেলে এবং রোগ নির্ণয় হওয়ার অন্তত 90 দিন পরে, যেটির সময়কাল বেশি হবে, তারপর তারা COVID-19 টিকা পেতে পারে।.

একটি সতর্কীকরণ হিসেবে, সম্প্রতি আপনি যদি MPOX (আগে বলা হতো মাঙ্কিপক্স) টিকা (ইমভানেক্স বা জিনিওস)নিয়ে থাকেন, তাহলে মায়োকার্ডাইটিসের অজানা ঝুঁকির কারণে তাদের COVID-19 টিকা নেওয়ার জন্য 4 সপ্তাহ অপেক্ষা করতে হবে।.

# COVID-19 টিকা VidPrevtyn Beta

সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া এবং কত ঘনঘন সেগুলি ঘটতে পারে এবং কখন এই টিকা নেবেন না,তা নীচে তালিকাভুক্ত করা হয়েছে।. কোন সন্দেহ থাকলে, সর্বদা একজন বিশ্বস্ত স্বাস্থ্যসেবা পেশাদারকে জিজ্ঞাসা করুন।.

| সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া: | |
|---|---|
| **খুব সাধারণ**<br>10 জনের মধ্যে 1 জনের বেশি | • ইনজেকশন নেওয়ার স্থানে ব্যথা<br>• মাথা ব্যথা<br>• পেশী ব্যথা<br>• গাঁটে ব্যথা<br>• সাধারণত খারাপ লাগা<br>• ঠাণ্ডা লাগা |
| **কসাধারণ**<br>10 জনের মধ্যে 1 জন পর্যন্ত | • যেখানে আপনি ইনজেকশন দিয়েছিলেন সেখানে লালভাব বা ফোলাভাব<br>• জ্বর (38 ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি শরীরের তাপমাত্রা)<br>• ক্লান্ত বোধ করা<br>• গা গোলানো<br>• ডায়েরিয়া |
| **সাধারণ নয়**<br>100 জনের মধ্যে 1 জন পর্যন্ত | • যেখানে আপনি ইনজেকশন দিয়েছিলেন সেখানে চুলকানি<br>• যেখানে আপনি ইনজেকশন নিয়েছিলেন সেখানে চোট লাগা<br>• যেখানে আপনি ইনজেকশন নিয়েছিলেন সেখানে গরমভাব<br>• ফোলা লিম্ফ গ্রন্থি |

**আপনার COVID-19 টিকা VidPrevtyn Beta নেওয়া উচিত নয় যদি:**

- আপনার টিকার যেকোনো উপাদানের (পলিসরবেট 20 বা অক্টিলফেনল ইথোজাইলেট সহ) প্রতি তীব্র অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া (অ্যানাফাইল্যাক্সিস) থাকে।. উপাদানের তালিকা দেখার জন্য টিকা প্রস্তুতকারকের সরবরাহ করা রোগীর তথ্য লিফলেট পড়ুন.
- আপনার টিকা নেওয়ার পূর্ববর্তী ডোজ নেওয়ার পর গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া হয়েছিল।.

**এই COVID-19 টিকা নেওয়ার আগে আপনার ডাক্তারের সাথে কথা বলুন যদি আপনার:**

- অতীতে কোনো প্রকারের টিকা বা ওষুধের প্রয়োগে গুরুতর অ্যালার্জি (অ্যানাফাইল্যাক্সিস) হওয়ার ঘটনা ঘটে থাকে।.

# COVID-19 টিকা নোভাভ্যাক্স – *নুভাক্সোভিড নামেও পরিচিত*

সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া এবং কত ঘনঘন সেগুলি ঘটতে পারে এবং কখন এই টিকা নেবেন না,তা নীচে তালিকাভুক্ত করা হয়েছে।. কোন সন্দেহ থাকলে, সর্বদা একজন বিশ্বস্ত স্বাস্থ্যসেবা পেশাদারকে জিজ্ঞাসা করুন।.

| **সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া:** | |
|---|---|
| **খুব সাধারণ**<br>10 জনের মধ্যে 1 জনের বেশি | • ক্লান্ত বোধ করা<br>• সাধারণত খারাপ লাগা<br>• মাথা ব্যথা<br>• বমি ভাব বা বমি করা<br>• পেশী ব্যথা<br>• গাঁটে ব্যথা<br>• বাহুতে টিকার ইনজেকশন নেওয়ার স্থানে কোমলতা বা ফোলাভাব |
| **সাধারণ**<br>10 জনের মধ্যে 1 জন পর্যন্ত | • জ্বর (38 ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি শরীরের তাপমাত্রা)<br>• ঠাণ্ডা লাগা<br>• অঙ্গপ্রত্যঙ্গে ব্যথা<br>• টিকা দেওয়ার জায়গায় লালচেভাব বা ফোলাভাব |
| **সাধারণ নয়**<br>100 জনের মধ্যে 1 জন পর্যন্ত | • লসিকা গ্রন্থিতে ফোলাভাব<br>• উচ্চ রক্তচাপ টিকা নেওয়ার পর কয়েকদিন স্থায়ী হয়<br>• ফুসকুড়ি<br>• ত্বক লাল হয়ে যাওয়া<br>• চুলকানিভাব<br>• টিকা নেওয়ার স্থানে চুলকানি<br>• আমবাত |
| **অত্যন্ত বিরল**<br>ফ্রিকোয়েন্সি এখনও জানা যায়নি | • অ্যানাফাইল্যাক্সিস- একটি গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া।<br>• ঝিনঝিন বা কাঁটা ফোটার মতো লাগা অথবা শরীরের কিছু জায়গায় অসাড় হয়ে যাওয়া<br>• মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস. মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস - মানে হৃৎপিণ্ডের পেশী বা হৃৎপিণ্ডের পেশীর আস্তরণের প্রদাহ।. লক্ষণের জন্য পরবর্তী পেজটি দেখুন।. |

### মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিসের লক্ষণগুলি

মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস হল হৃদপিণ্ডের প্রদাহজনক অবস্থা।. যদিও এই অবস্থার ঝুঁকি খুব কম, আপনার জন্য লক্ষণগুলি জানা উচিত।. এই লক্ষ্ণণগুলি টিকা পাওয়ার কয়েক দিনের মধ্যে বিকাশ লাভ করতে পারে এবং প্রাথমিকভাবে 14 দিনের মধ্যে হয়।. টিকা নেওয়ার পরে আপনার মধ্যে এই নিম্নলিখিত লক্ষণগুলির মধ্যে কোনোটি দেখতে পেলে চিকিৎসার সহায়তা নিন:

- শ্বাসকষ্ট
- বুক ধড়ফড় করা (তীব্র হৃদস্পন্দন, যেটা অনিয়মিতও হতে পারে)
- বুকে ব্যথা

### আপনার COVID-19 টিকা নোভাভ্যাক্স (নুভোক্সোভিড) নেওয়া উচিত নয়, যদি

- আপনার টিকার যে কোনো উপাদানে (পলিসোরবেট 80 সহ) মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া হয়েছে।. উপাদানের তালিকা দেখার জন্য টিকা প্রস্তুতকারকের সরবরাহ করা রোগীর তথ্য লিফলেট পড়ুন. অনুগ্রহ করে মনে রাখবেন COVID-19 টিকা জ্যান্সেন এবং Astrazeneca (ভ্যাক্সজেভরিয়া)-তেও পলিসরবেট 80 রয়েছে।.
- আপনার টিকার পূর্ববর্তী ডোজ নেওয়ার পর গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া হয়েছিল।.

### এই COVID-19 টিকা নেওয়ার আগে আপনার ডাক্তারের সাথে কথা বলুন যদি আপনার:

- COVID-19 টিকার পূর্ববর্তী ডোজ নেওয়ার পর মায়োকার্ডাইটিস বা পেরিকার্ডাইটিস (হৃদপিন্ডের পর্দায় প্রদাহ) হয়ে থাকে
- অতীতে কোনো প্রকারের টিকা বা ওষুধের প্রয়োগে গুরুতর অ্যালার্জি (অ্যানাফাইল্যাক্সিস) হওয়ার ঘটনা ঘটে থাকে।.

একটি সতর্কীকরণ হিসেবে, সম্প্রতি আপনি যদি MPOX (আগে বলা হতো মাঙ্কিপক্স) টিকা (ইমভানেক্স বা জিনিওস)নিয়ে থাকে, তাহলে মায়োকার্ডাইটিসের অজানা ঝুঁকির কারণে তাদের COVID-19 টিকা নেওয়ার জন্য 4 সপ্তাহ অপেক্ষা করতে হবে।.

## জ্বর, ব্যথা ও যন্ত্রণা হলে কী করবেন

আপনার যদি জ্বর বা ব্যথা এবং যন্ত্রণা হয়, আপনি সাহায্য পেতে প্যারাসিটামল বা আইবুপ্রোফেন খেতে পারেন।. যাইহোক, যদি আপনার জ্বর 48 ঘন্টার বেশি সময় ধরে থাকে বা আপনি যদি এখনও উদ্বিগ্ন থাকেন, তবে দয়া করে ডাক্তারের পরামর্শ নিন।.

## টিকা কাজ করার জন্য যে সময়ের প্রয়োজন

আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা করার জন্য এবং আপনাকে COVID-19 থেকে সুরক্ষা দিতে, টিকা নেওয়ার পরে 14 দিন পর্যন্ত সময় লাগে।.

শক্তিশালী, নির্ভরযোগ্য প্রমাণ রয়েছে যে COVID-19 টিকা COVID-19-এর সাথে মৃত্যু এবং গুরুতর অসুস্থতা প্রতিরোধে অত্যন্ত কার্যকর এবং সেটি এই ভাইরাসে আক্রান্ত হওয়ার ঝুঁকি অনেকাংশে কমিয়ে দেয়।.

আপনি নিজেকে ও অন্যদের সুরক্ষিত রাখার জন্য **www.hse.ie** -এ থাকা লেটেস্ট জনস্বাস্থ্য সংক্রান্ত পরামর্শ অনুসরণ করতে পারেন

## কীভাবে পার্শ্বপ্রতিক্রিয়াগুলির বিষয়ে রিপোর্ট করবেন

আমরা COVID-19 টিকা সম্বন্ধে জানছি।. আপনি COVID-19 টিকা নেওয়ার পরে কোনও পার্শ্বপ্রতিক্রিয়া দেখেন, আমরা আপনাকে স্বাস্থ্য পণ্য নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (HPRA) এর কাছে রিপোর্ট করতে বলব।.

ওষুধ, মেডিক্যাল ডিভাইস এবং অন্যান্য স্বাস্থ্য সম্বন্ধীয় প্রোডাক্টের জন্য HPRA হল আয়ারল্যান্ড প্রজাতন্ত্রের নিয়ন্ত্রক কর্তৃপক্ষ।. COVID-19 টিকার সাইড এফেক্ট সম্পর্কে রিপোর্ট করতে অনুগ্রহ করে **www.hpra.ie/report**-এ যান।. আপনার জন্য সাপার্শ্বপ্রতিক্রিয়া রিপোর্ট করতে আপনি আপনার চিকিৎসক বা একজন পরিবারের সদস্যকেও বলতে পারেন।.

# আপনার ব্যক্তিগত তথ্য

সুরক্ষিতভাবে টিকা দেওয়ার কার্যক্রম চালাতে এবং সকল প্রয়োজনীয় তথ্যের রেকর্ড রাখতে যাতে টিকাকে ভালোভাবে মনিটর ও ম্যানেজ করা যায় HSE আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার করবে।. সাধারণ নিয়ম কানুন মেনে HSE সকল তথ্যের ব্যবহার করবে এবং 2018 থেকে জারি হওয়া জেনারেল ডাটা প্রোটেকশন রেগুলেশন (GDPR)-এর উপর বিশেষ জোর দেবে।.

আপনার সকল তথ্য আইনসম্মত এবং বৈধ উপায়ে ব্যবহার করা হবে।. টিকাকরণ ম্যানেজ করার বিশেষ উদ্দেশ্যেই এই সকল তথ্য কেবলমাত্র ব্যবহার করা হবে।. তথ্য মিনিমাইজেশনের নীতি জারি করা হয়েছে।. এর অর্থ হলো কেবলমাত্র সেই সকল তথ্যই রেকর্ড করা হবে যা আপনাকে চিহ্নিত করতে, তাদের অ্যাপয়েন্টমেন্ট বুক করতে, তাদের টিকাকরণের রেকর্ড এবং তার প্রতিক্রিয়ার উপর নজর রাখতে প্রয়োজনীয়।.

আপনার যেসকল তথ্য ব্যবহার করা হবে GDPR-এর অধীনে সেই সকল তথ্য সম্পর্কে আপনার নিম্নলিখিত অধিকারগুলি রয়েছে।.

- আপনার ব্যক্তিগত তথ্য পেতে অনুরোধ জানানো এবং তাতে অ্যাক্সেস পাওয়া (যা সাধারণত 'তথ্যের বিষয়ে অ্যাক্সেস পাওয়ার অনুরোধ' নামে পরিচিত)।. এর ফলে আপনি আমাদের কাছে রক্ষিত আপনার বিভিন্ন ব্যক্তিগত তথ্যের একটি কপি পাবেন এবং পরীক্ষা করে দেখতে পারবেন যে আমরা সেগুলি আইনসম্মতভাবে ব্যবহার করেছি কি না।.
- আমাদের কাছে রক্ষিত আপনার বিভিন্ন ব্যক্তিগত তথ্যের সংশোধন করার জন্য অনুরোধ করা।. এটি আপনার সম্পর্কে আমাদের কাছে রক্ষিত বিভিন্ন ব্যক্তিগত তথ্য যদি কোনো অসম্পূর্ণ বা ভুল তথ্য থেকে থাকে তা আপনাকে ঠিক করার সুযোগ দেয়।.
- আপনার ব্যক্তিগত তথ্য মুছে ফেলার অনুরোধ করুন।. আপনার কোনো ব্যক্তিগত তথ্য যা আমাদের কাছে রাখার আর কোনো যুক্তিসংগত কারণ নেই তা আপনি মুছে ফেলতে বা সরিয়ে ফেলতে এর মাধ্যমে অনুরোধ জানাতে পারেন।. আপনি যদি আপনারসম্পর্কে এমন কোনো ব্যক্তিগত তথ্য খুঁজে পান যা ব্যবহার করার ক্ষেত্রে আপনার আপত্তি আছে তা মুছে ফেলতে বা সরিয়ে ফেলতে আপনার কাছে আমাদেরকে অনুরোধ জানাবার অধিকার আছে।.
- কোনো ব্যক্তিগত তথ্য ব্যবহার করার ক্ষেত্রে আপনার আপত্তি আছে।.

এই সংক্রান্ত আরো তথ্য **www.hse.ie/eng/gdpr**-এ উপলব্ধ আছে।

## কোথায় আরও তথ্য পাবেন

**www.hse.ie**-এ বিশেষজ্ঞরা COVID-19 সম্বন্ধে নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত বিবরণ দিয়েছেন:

- টিকার উপলব্ধতা ও কারা এটি নিতে পারবেন
- কীভাবে টিকা নেবেন
- COVID হওয়ার পরে টিকা নেওয়া
- আপনার জন্য প্রস্তাবিত টিকার ডোজ
- শিশুদের টিকা দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত
- লক্ষ্মণ ও পরীক্ষা
- নিজেকে ও অন্যদের সুরক্ষিত রাখার পরামর্শ

আপনাকে যে টিকাটি দেওয়া হচ্ছে সে সম্পর্কে আরও তথ্যের জন্য, আপনি নির্মাতার রোগীর তথ্য লিফলেটটি পড়তে পারেন।. আপনি যে দিন টিকা নেবেন সেদিন আপনাকে এই প্রিন্ট দেওয়া হবে বা আপনি এটি **www.hse.ie/covid19vaccinePIL** -এ খুঁজে পাবেন

টিকা সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, আপনি একজন স্বাস্থ্য পেশাদারের সাথে কথা বলতে পারেন, যেমন আপনার ভ্যাক্সিনেটর, ডাক্তার, ফার্মাসিস্ট বা হেলথ কেয়ার টিম।.

আপনি এছাড়া HSELive-কে Freephone **1800 700 700**-এ কল করতে পারেন।. আমাদের দল সোমবার থেকে শুক্রবার সকাল 8টা থেকে রাত 8টা বা শনিবার এবং রবিবার সকাল 9টা থেকে বিকাল 5টা পর্যন্ত সাহায্য করার জন্য এখানে রয়েছে।.

COVID-19 VACCINE
Public Health Advice

HSE সেপ্টেম্বর 2023-এ প্রকাশ করেছে

সর্বাধিক আপ টু ডেট তথ্যের জন্য **www.hse.ie**-এ যান

Rialtas na hÉireann
Government of Ireland